

প্রিয় সুধী,

০২ ডিসেম্বর ২০২৩

আগামী ১৬ ডিসেম্বর ২০২৩ তারিখে আমাদের গৌরবোজ্জ্বল মহান বিজয় দিবস পালিত হবে। জাতীয় জীবনের এই মহান দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, হংকং কর্তৃক আগামী ১৬ ডিসেম্বর ২০২৩ তারিখ (শনিবার) সকাল ১১ টায় কনস্যুলেট প্রাঙ্গণে নিম্নোক্ত অনুষ্ঠানের আয়োজন করা হয়েছেঃ

- জাতীয় পতাকা উত্তোলন
- পবিত্র কোরআন তেলাওয়াত ও গীতা পাঠ
- বীর মুক্তিযোদ্ধাদের স্মরণে এক মিনিট নীরবতা পালন ও তাঁদের প্রতি শ্রদ্ধার্ঘ্য নিবেদন
- মহান বিজয় দিবস উপলক্ষ্যে প্রদত্ত বাণী পাঠ
- প্রামাণ্যচিত্র প্রদর্শন
- মুক্তিযুদ্ধের ইতিহাস ভিত্তিক আলোচনা
- সাংস্কৃতিক অনুষ্ঠান

সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রহন করতে কেউ আগ্রহী থাকলে আগামী ১০ ডিসেম্বর ২০২৩ এর মধ্যে নিম্নোক্ত ইমেইল-এ যোগাযোগ করতে অনুরোধ করা যাচ্ছেঃ

[mission.hongkong@mofa.gov.bd](mailto:mission.hongkong@mofa.gov.bd)

দিবসটি উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে নতুন প্রজন্মকে যোগ দিতে উৎসাহিত করার অনুরোধসহ হংকং ও ম্যাকাউ-এ বসবাসরত সকল বাংলাদেশীদেরকে অংশগ্রহনের জন্য সাদরে আমন্ত্রণ জানানো হচ্ছে।



বাংলাদেশ কনস্যুলেট জেনারেল  
হংকং

